

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৭৫

শান্তিরবাজার, ২৬ ফেব্রুয়ারি, ২০২৬

গ্রামীণ মানুষের হাতে অর্থ প্রদানের জন্য
সরকার নানা উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ণ করছে



রাজ্যের গরীব অংশের মানুষকে আর্থিকভাবে স্বনির্ভর করা এবং গ্রামীণ মানুষের হাতে অর্থ প্রদানের জন্য বর্তমান সরকার নানা উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ণ করছে। আজ শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের উদ্যোগে আয়োজিত দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক উদ্যম সমাগমের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু একথা বলেন।

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন এবং স্বসহায়ক দলগুলির উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ ও বিপননের উদ্দেশ্যে এই উদ্যম সমাগমের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা জেলা শিল্প ও বাণিজ্য নিগমের জেনারেল ম্যানেজার হিমাদ্রী শেখর নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, দক্ষিণ ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক মহঃ হাফিজ উদ্দীন প্রমুখ।

অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু বলেন, ক্ষুদ্র ব্যবসা, কুটির শিল্প, বাঁশ বেতের তৈরী জিনিষ, প্রাণীপালন, ফল প্রক্রিয়াকরণ ইত্যাদি কাজের মাধ্যমে আর্থিকভাবে স্বনির্ভর হওয়ার জন্য সরকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পে সহজ কিস্তিতে ব্যাংক থেকে ঋণের ব্যবস্থা করেছে। বেকার যুবক যুবতী ও গ্রামের গরীব অংশের মানুষদের এই সুযোগ গ্রহণ করার পরামর্শ দেন রাজ্যপাল। তিনি বলেন, সরকার বাড়ি বাড়ি বিদ্যুৎ, জল, রান্নার গ্যাস, শৌচালয় ইত্যাদি পরিষেবার ব্যবস্থা করেছে। ছেলে-মেয়েদের সুশিক্ষার জন্য নবোদয়, একলব্য স্কুল প্রতিষ্ঠা করেছে। এসব সুযোগ আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া অংশের মানুষের গ্রহণ করতে হবে। এছাড়াও রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু গর্ভবতী মায়েদের পুষ্টি, টিকাকরণ, বাল্যবিবাহ রোধ, যক্ষ্মা রোগ মুক্ত ভারত গঠন, বেকার ছেলে মেয়েদের বিনামূল্যে যানবাহন চালকের প্রশিক্ষণ গ্রহণ প্রভৃতি বিষয়ে গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে রাজ্যপাল কয়েকজন স্বরোজগারীর হাতে ব্যাংক এর চেক ও শংশাপত্র তুলে দেন। তিনি স্বরোজগারীদের সঙ্গে মত বিনিময় করেন। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উৎপাদিত পণ্য সামগ্রীর স্টল পরিদর্শন করেন রাজ্যপাল। এর আগে রাজ্যপাল আজ শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্রমনুস্থিত শূকর প্রজনন খামার পরিদর্শন করেন। এরপর সারুম মহকুমার সাতচাঁদ ব্লক এলাকাধীন সুরবালা ইটভাট্টা পরিদর্শন করেন এবং শ্রমিকদের সঙ্গে মতবিনিময় করেন। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ পরিদর্শনকালে উপস্থিত ছিলেন।
